

মোবাইল :
অফিস :

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)র দপ্তর
রুক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone :
Office :

স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২১(১ম খন্ড)/৪০

তারিখঃ ১০-০২-২০২১ খ্রিঃ


দপ্তরদেশ

“পটুয়াখালী জেলার অন্তর্গত দুমকী উপজেলার বাহেরচরে পায়রা নদীর বামতীর সংরক্ষণ প্রকল্প” শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের নিমিত্ত মাঠ পর্যায়ের পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাহাই করে সুপারিশমালাসহ হালনাগাদ সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ইতোপূর্বে গঠিত সমীক্ষা সম্পাদন কমিটিটি পুনঃগঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অস্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও দপ্তরের নাম | কমিটিতে অবস্থান |
|--------------|---|--------------------|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব তানজির সাইফ আহমেদ, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা, (অর্থনীতি), রিভিউ প্রসেসিং এন্ড পিডি ব্রাঞ্চ, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, (পরিবেশ ও বন), হাওর বন্যা ব্যবস্থাপনা প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডরিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ

- সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত এলাকার নদী ভাঙ্গনের কারণ নিরূপণসহ সংশ্লিষ্ট সকল নদী/খালসমূহের গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;
 - প্রস্তাবিত এলাকার সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নসহ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা প্রতিপালনে সংশ্লিষ্ট নদী/খালসমূহের(channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুনর্বািনন এবং অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;
 - খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন এবং Dredged material দ্বারা সৃজনকৃত ভূমির সঠিক ব্যবহার ও দীর্ঘ মেয়াদী স্থায়ীত্ব নিশ্চিতকল্পে সৃজনকৃত ভূমিতে যথাযথ নকশার আলোকে প্রতিরক্ষামূলক কাজের সংস্থানে সুপারিশমালা অন্তর্ভুক্ত করবেন;
 - প্রয়োজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিঁড়ি/ঘাট, ওয়াকরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;
 - বাপাউবোর চলতি রোট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট উপকূলীয় এলাকার জন্য প্রয়োজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
 - প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।
 - কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;
 - প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;
 - প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;
 - বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।
 - কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।
- কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রহে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।
 - মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।
 - মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


 (মোঃ সামিউল ইসলাম খান)
 উপ-সচিব (পরিকল্পনা)
 বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
 ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

